# অষ্ট্রেলিয়ায় ওডারল্যান্ডের সমাধিস্থলে
# প্রধানমন্ত্রীকে 'বীর প্রতিক ওডারল্যান্ড' বই উপহার



প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ওডারল্যান্ডের ওপর রচিত 'বীর প্রতিক ওডারল্যান্ড' ও 'ওডারল্যান্ড ফর আওয়ার ল্যান্ড' বই দুটি প্রদান করেন এর লেখক ও প্রকাশক মাহাবুবুর রহমান বাবু ও আল নোমান শামীম। গত ২৮ অক্টোবর অষ্ট্রেলিয়ার পার্থে ওডারল্যান্ডের সমাধিসৌধে পুষ্পার্ঘ অর্পনের পর তারা প্রধানমন্ত্রীকে বই দুটি উপহার দেন। এসময় প্রধানমন্ত্রী বলেন, মুক্তিযুদ্ধে যে সব বিদেশি নাগরিক অবদান রেখেছেন, আমরা তাদের খুঁজে খুঁজে বের করছি। তাঁদের মূল্যায়নের মাধ্যমে কৃতজ্ঞতা প্রকাশ করার চেষ্টা করছি। প্রধানমন্ত্রী ওডারল্যান্ডের বইটির ব্যাপক প্রশংসা করেন এবং বইটি রচনা ও প্রকাশ করার জন্য লেখককে ধন্যবাদ জানান। এসময় পররাষ্ট্রমন্ত্রী দীপু মনি, পররাষ্ট্রসচিব মিজারুল কায়েস, বাংলাদেশের হাইকমিশনার লে. জেনারেল মাসুদ উদ্দিন চৌধুরীসহ সফরসঙ্গী কর্মকর্তা, সাংবাদিকবৃন্দ, সিডনি থেকে যাওয়া আওয়ামী লীগ নেতৃবৃন্দ তার সঙ্গে ছিলেন। উল্লেখ্য, বাংলাদেশের স্বাধীনতাযুদ্ধে অংশগ্রহনকারী বীরপ্রতিক খেতাব প্রাপ্ত একমাত্র বিদেশী মুক্তিযোদ্ধা ডব্লিউএস ওডারল্যান্ডের ওপর বাংলাদেশের প্রকাশনী সংস্থা 'বইপত্র প্রকাশন' এর উদ্যোগে বইটি প্রকাশ করা হয়। ওডারল্যান্ডের জীবনী নিয়ে 'বইপত্র প্রকাশন'ই প্রথম এধরনের বই প্রকাশ করে।